

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ  
১৩, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরনি  
মৎস্য ভবন, রমনা, ঢাকা।  
[www.fisheries.gov.bd](http://www.fisheries.gov.bd)



পত্র নং-৩৩.০২.০০০০.১০৯.১১.০৩১.১৪ (অংশ-৩)- ১০৮

তারিখঃ ২৮/০৪/২০২০ খ্রিঃ

বিষয়ঃ ২০ মে হতে ২৩ জুলাই পর্যন্ত মোট ৬৫ (পঁয়ষট্টি) দিন সমুদ্রে সকল প্রকার মৎস্য নৌযান কর্তৃক যে কোন প্রকার মৎস্য ও ক্রাস্টশিয়ান্স আহরণ নিষিদ্ধকালীন সময়ে কার্যক্রম বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

সূত্রঃ ১। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের পত্র নং- ৩৩.০০.০০০০.১২৯.৯৯.০০১.১৯-৮১, তারিখ-২৭/০৪/২০২০।

২। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের পত্র নং- ৩৩.০০.০০০০.১২৯.৯৯.০৬৭.১৪ (খন্ড-২)-১০৮, তারিখ-০২/০৫/২০১৯।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সামুদ্রিক মৎস্য বিধিমালা, ১৯৮৩ এর সংযোজিত ১৯ নং বিধি মোতাবেক সামুদ্রিক মাছের সুষ্ঠু প্রজনন ও মজুদ সংরক্ষণ এবং সহনশীল মৎস্য আহরণ নিশ্চিত করার লক্ষ্যে ২০ মে হতে ২৩ জুলাই মোট ৬৫ (পঁয়ষট্টি) দিন বাংলাদেশের সামুদ্রিক জলসীমায় সকল যান্ত্রিক ও অযান্ত্রিক নৌযান এবং বাণিজ্যিক ট্রলার দিয়ে মৎস্য ও ক্রাস্টশিয়ান্স আহরণ কার্যক্রম নিষিদ্ধ করা হয়েছে। প্রতি বছরের ন্যায় উক্ত কর্মসূচি বাস্তবায়নে যথাযথ প্রচার প্রচারণাপূর্বক স্থানীয় প্রশাসন ও অন্যান্য আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সহায়তা নিয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে মন্ত্রণালয়ের নির্দেশনা রয়েছে। উল্লেখ্য, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় কর্তৃক জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে জাতীয় মাছ ইলিশ রক্ষার্থে গঠিত 'টাস্কফোর্স কমিটি' কর্তৃক উক্ত কার্যক্রম পরিচালনার জন্যও মন্ত্রণালয়ের নির্দেশনা রয়েছে। এমতাবস্থায়, আপনার ও আপনার নিয়ন্ত্রণাধীন দপ্তর সমূহের উদ্যোগে বাস্তবায়িতব্য ও গৃহিত উদ্যোগসমূহের কর্ম-পরিকল্পনা (যেমন মাইকিং, লিফলেট বিতরণ, পোস্টার, ব্যানার স্থাপন, সংশ্লিষ্ট মৎস্যজীবী সমিতি/ নৌযান মালিক সমিতি/ মৎস্য ব্যবসায়ী সমিতির নিকট পত্রজারি, টাস্কফোর্স কমিটির সভা ইত্যাদি) আগামী ০৪/০৫/২০২০ খ্রি. তারিখের মধ্যে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

২৮/৪/২০২০  
(কাজী শামস আফরোজ)  
মহাপরিচালক (চ.দা)  
ফোন -০২-৯৫৬২৮৬১

ই-মেইলঃ [dg@fisheries.gov.bd](mailto:dg@fisheries.gov.bd)

বিতরণঃ

- ১। পরিচালক, সামুদ্রিক মৎস্য দপ্তর, সি,জি,ও, ভবন নং-১, আগ্রাবাদ, চট্টগ্রাম।
- ২। উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা/খুলনা বিভাগ, খুলনা/বরিশাল বিভাগ, বরিশাল।
- ৩। জেলা মৎস্য কর্মকর্তা, খুলনা/বাগেরহাট/সাতক্ষীরা/চট্টগ্রাম/কক্সবাজার/নোয়াখালী/ফেনী/ লক্ষীপুর/বরিশাল/ ঝালকাঠি / পটুয়াখালী/পিরোজপুর/ভোলা/বরগুনা।

সদয় অবগতির জন্য:

- ১। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।